# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়
# টাঙ্গাইল।

**tangail.judiciary.org.bd**

## নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে ইদানিং নিম্নস্বাক্ষরকারী কর্তৃক গোচরীভূত হয়েছে যে, অত্র ম্যাজিস্ট্রেসির আওতাধীন বিভিন্ন আদালতের বেঞ্চ-সহকারীগণ জুডিসিয়াল নথিতে প্রারম্ভিক আদেশ, গ্রেফতারী পরোয়ানা, সমন ইত্যাদি কার্যক্রম নিজেরা না করে উমেদার বা আদালতে কর্মরত প্রসেস সার্ভার/নৈশ প্রহরী দ্বারা সম্পাদন করছেন। যার ফলে জুডিসিয়াল রেকর্ডে বিভিন্ন অসামঞ্জস্যতার সৃষ্টিসহ বিচারপ্রার্থী জনগণ হয়রানীর শিকার হচ্ছে।

উল্লিখিত বিষয়ে সকল বেঞ্চ-সহকারীকে তার উপর অর্পিত দায়িত্ব নিজে সম্পাদন করার জন্য নির্দেশ প্রদান করা গেল। উক্ত নির্দেশের ব্যত্যয় ঘটলে এবং জুডিসিয়াল নথিতে কোন প্রকার অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে উহার দায়ভার সংশ্লিষ্ট বেঞ্চ-সহকারীর উপর বর্তাইবে এবং অসদাচরণ গণ্যে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

সংশ্লিষ্ট সকলকে অবগত করা হোক।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
টাঙ্গাইল।

স্মারক নং-১০.০০.৯৩০০.০০১.১৮.০৩৯.১৯/ ৫৩৬(৩০)-১৪ তারিখঃ ০৩ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ / ১৭ জুন ২০১৯ খ্রিস্টাব্দ।

**অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলোঃ**

১। বিজ্ঞ অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল।
২। ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ), বিদ্যুৎ আদালত, টাঙ্গাইল।
৩। বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ১ম/২য়/৩য়/৪র্থ আদালত/স্পেশাল ম্যাজিস্ট্রেট (বন আদালত), টাঙ্গাইল।
৪। জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ১ম/২য়/৩য়/৪র্থ/৫ম আদালত, টাঙ্গাইল।
৫। নাজির (ভারপ্রাপ্ত), চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, টাঙ্গাইল।
৬। কম্পিউটার অপারেটর, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, টাঙ্গাইল (ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
৭। পি/এ টু সি.জে.এম, টাঙ্গাইল।
৮। বেঞ্চ-সহকারী ............................................................. (সকল)।
৯। অফিস কপি।

১৭/০৬/২০১৯
(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
টাঙ্গাইল।